



মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
ইসলামিক ফাউন্ডেশন
জেলা কার্যালয়, নোয়াখালী।

জেলা মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব কাজী মোঃ মাদ্দনুল ইসলাম
উপ পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, নোয়াখালী।

সভার তারিখ : ৩০/০৫/২০২৪খ্রি.

সময় : সকাল ১০.০০টা।

সভার স্থান : উপ পরিচালকের অফিস কক্ষ।


সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য

সভার সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব, ফিল্ড অফিসার, ইসলামিক ফাউন্ডেশন, নোয়াখালী, বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার কর্মপত্রের আলোকে বিভিন্ন বিষয়ে আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তবলী নিম্নরূপ :

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম সংক্রান্ত।	নোয়াখালী জেলায় মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম এর আওতায় ৪৭০টি প্রাক প্রাথমিক, ১২টি বয়স্ক ও ৮১১টি সহজ কুরআন শিক্ষা কেন্দ্রে পাঠদান চলছে।	কেন্দ্রগুলো যাতে শিক্ষকরা ভালভাবে পরিচালনা করেন সে বিষয়ে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ফিল্ড সুপারভাইজারগণ কেয়ারটেকারদেরকে ইউনিয়নভিত্তিক কেন্দ্র বন্টন করে দিবে এবং জেলা পর্যায়ের কর্মকর্তাগণকে মাঠ পর্যায়ে কার্যক্রম ফলো-আপ করতে হবে ও প্রয়োজনীয় দিক নির্দেশনা দিতে হবে।	ফিল্ড অফিসার ফিল্ড সুপারভাইজার
০২	পরিদর্শনকালীন সমস্যা চিহ্নিত করণ	প্রকল্প নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কেয়ারটেকার ও সুপারভাইজারগণ কেন্দ্র সমূহ পরিদর্শনকালীন কেন্দ্রের শিক্ষার্থী সংকট, শিক্ষক কর্তৃক নিয়মনীতির এবং আন্তরিকতার অভাব এবং শিক্ষার মানোন্নয়ন যথাযথ পাওয়া যায়নি। কেন্দ্র শিক্ষকদের দায়িত্ব অবহেলার কারণে অনেক কেন্দ্রে শিক্ষার্থী সংকট দেখা যায়।	কেন্দ্র ও শিক্ষকগণদের শিক্ষা কার্যক্রম, পাঠদান ও পরিদর্শন বিষয়ে অধিক মনোযোগি হওয়ার সিদ্ধান্ত হয়। যে সকল কেন্দ্রের শিক্ষার্থী নীতিমালা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সে সকল কেন্দ্রের শিক্ষার্থী বৃদ্ধি করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষককে শিক্ষার মান উন্নয়নে তাগিদ দিতে হবে। শিক্ষকদের দায়িত্বের বিষয় সতর্ক ও সচেতন করতে হবে। কেন্দ্র ও শিক্ষক নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ফিল্ড অফিসার ও ফিল্ড সুপারভাইজার (সকল)
০৩	যাকাত বিষয়ক	প্রধান কার্যালয়ের নির্দেশনার আলোকে ২০২৪ সালের যাকাত সংগ্রহ পূর্বের বছর সমূহের তুলনায় কম হয়েছে। ৩১ জুলাই ২০২৪খ্রি. পর্যন্ত যাকাত সংগ্রহ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে প্রধান কার্যালয়ের নির্দেশনার রয়েছে।	সংশ্লিষ্ট ফিল্ড সুপারভাইজারদেরকে যাকাত সংগ্রহের ব্যাপারে সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	সংশ্লিষ্ট উপজেলার সকল কেয়ারটেকার ও ফিল্ড সুপারভাইজার

০৪	দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা সংক্রান্ত	সংশ্লিষ্ট ফিল্ড সুপারভাইজারগণের নিকট দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসার সম্পর্কে জানতে চাইলে নিম্নেবর্ণিত সমস্যার কথা আলোচনা হয়। ১। শিক্ষার্থী কম ২। মান সম্মত শিক্ষার অভাব ৩। পরিপাটি শ্রেণী কক্ষের অভাব ৪। শিক্ষকদের দায়িত্ব অবহেলা পরিলক্ষিত হয়। তবে কিছু কিছু মাদ্রাসায় সন্তোষজনক কার্যক্রম পরিলক্ষিত হচ্ছে।	সংশ্লিষ্ট ফিল্ড সুপারভাইজারদেরকে নিয়মিত মাদ্রাসা পরিদর্শন পূর্বক সমস্যা চিহ্নিত করে তা সমাধানে স্থানীয় কমিটিকে সম্পৃক্ত করে বিধি মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ফিল্ড অফিসার ও ফিল্ড সুপারভাইজার (সকল)
----	--	---	--	---

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (কাজী মোঃ মাসুদুল ইসলাম)
 উপ পরিচালক
 ও
 সভাপতি
 জেলা মাসিক সমন্বয় সভা কমিটি

তারিখ : ৩০/০৫/২০২৪খ্রি.

স্মারক নং ১৬.০১.৭৫০০.০২৫.০১.০৩.২০.

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

০১. ফিল্ড অফিসার, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, ইসলামিক ফাউন্ডেশন নোয়াখালী।
- ০২ ফিল্ড সুপারভাইজার, (সকল উপজেলা) মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, ইসলামিক ফাউন্ডেশন নোয়াখালী।
৩. জনাব ----- ইসলামিক ফাউন্ডেশন নোয়াখালী।
৪. সংশ্লিষ্ট নথি।


 (কাজী মোঃ মাসুদুল ইসলাম)
 উপ পরিচালক